মেহেরপুরের গাংনীতে ভ্রাম্যমান আদালতের জরিমানা, ধরা ছোঁয়ার বাইরে মূল অপরাধীরা

মেহেরপুরের গাংনীতে অবৈধভাবে মাটি উত্তোলনকারীর ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। তবে ধরাছোঁয়ার বাইরে রয়েছে মূল অপরাধীরা। সোমবার দুপুরে এ জরিমানা করা হয়।
গাংনী উপজেলার হিন্দা বিল পাড়ার কাজলা নদীর পাশে অবৈধভাবে মাটি উত্তোলন করছে এমন অভিযোগে অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহী কমিশনার (ভূমি) নূরে আলম সিদ্দিকী। এ সময় মাটি উত্তোলনকারী ভেকুর চালক সাইফুল ইসলামকে বালুমহাল ও মাটি ব্যবস্থানা আইন ২০১০ এর ৫ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। সাইফুল ইসলাম লালমনিরহাট জেলার হাতীবান্ধা থানার নিকোশিন্দাপুর গ্রামের আমিনুর রহমানের ছেলে। সে এখানে ভাড়াতে মাটি উত্তোলন করতে এসেছিল।
তবে যারা তাকে ভাড়া করে এনেছে অজ্ঞাত কারনে তারা ধরাছোঁয়ার বাইরেই রয়ে গেছে।
সাংবাদিকদের প্রশ্নের জবাবে গাংনী উপজেলা নির্বাহি কমিশনার (ভূমি) নূরে আলম সিদ্দিকী বলেন, আমরা যাকে স্পটে পেয়েছি তাকেই জরিমানার আওতায় এনেছি। আপনারা যদি এ নিয়ে প্রশ্ন তোলেন তাহলে যতটুকো করছি সেটাও আর করব না।

জীবননগরে ইয়াবাসহ আটক-২, ট্রাক জব্দ

জীবননগরে ৫০ পিচ ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। গতকাল রবিবার দিবাগত রাত ১টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার এস আই তাইফুজ্জামান সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিত্বে জীবননগর পৌর সভার

বসতিপাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ট্রাকের মধ্যে থেকে ৫০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ জীবননগর পৌর সভার আশতলা পাড়ার মৃত মীর আলাউদ্দিনের ছেলে মেহেদী হাসান (৩৫) এবং শাপলাকলি পাড়ার মৃত আরফান আলীর ছেলে সোহেল রানা (২১) আটক করে পুলিশ।
এ বিষয়ে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

দামুড়হুদায় রাতে চলছে মাটি কাটার উৎসব, হতাশ কৃষকরা!

দামুড়হুদা উপজেলার কার্পাডাঙ্গা, উজিরপুর, চিৎলা-গোবিন্দহুদা, বদনপুর, নাপিতখালী, কানাইডাঙ্গা, কুতুবপুর, জুড়ানপুর, লোকনাথপুর, দলকা লক্ষিপুর, কালিয়াবকরি ও হাতিভাঙ্গায় ভৈরব নদীর পাড়সহ বিভিন্ন গ্রামের মাঠে প্রশাসনের নিষেধাজ্ঞা অমান্য করে মাটি কাটার মহোৎসব চলছে।
কৃষকের ফসলি জমির পাশে বড় বড় পুকুরের ন্যায় খনন করে মাটি ও বালি কেটে ইট ভাটাসহ বিভিন্ন স্থানে বিক্রি করায় হুমকির মুখে পড়েছে শত শত বিঘা ফসলি জমি। এছাড়াও মাটি কাটা গর্তের কারণে ভাঙ্গনে নষ্ট হচ্ছে জমির ফসল। মাটি কাটার ওপর প্রশাসনের নিষেধাজ্ঞা থাকলেও চুপিসারে মাটি কাটছে কিছু ভূমিদস্যু।
প্রশাসন অবৈধভাবে মাটি কাটা বন্ধ করতে বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মোটা অংকের টাকা জরিমানা করলেও তারা থামতে নারাজ। ভুক্তভোগী কৃষকরা বিভিন্ন সময় প্রশাসনের কাছে অভিযোগ করেছেন। কয়েক জন মিলে নাপিতখালী, বদনপুর মাঠে মাটি কেটে গর্ত করছেন। এতে মাটি ভেঙে পড়ে ফসলি জমি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। মাটি কাটা বন্ধ করতে ভুক্তভোগীগণ বিভিন্ন সময় দামুড়হুদা উপজেলা ভূমি অফিস ও দামুড়হুদা মডেল থানায় বিভিন্ন মাঠে মাটি কাটা বন্ধ করতে লিখিত অভিযোগ করলে প্রশাসনের পক্ষ থেকে অভিযুক্তদের কঠোরভাবে সতর্ক করাসহ বিভিন্ন সময়ে মোটা অংকের জরিমানা করা হয়। এতে কয়েক দিন মাটি কাটা বন্ধ রাখার পর আবারো তারা প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে একইভাবে মাটি কাটা শুরু করেন। ট্রাক্টর ভিড়িয়ে এভাবে মাটি কাটা বন্ধ করা না হলে ফসলি জমির মালিকরা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হবে বলে আশঙ্কা করছেন আশ পাশের

জমির মালিকরা।
দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, মাটি কাটার অপরাধে বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা করার পরও মাটি কাটছে। যারা মাটি কাটছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

দর্শনায় ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে সাংবাদিকরা

সারাদেশে সাংবাদিক নির্যাতন ও হত্যার প্রতিবাদসহ ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে নেমেছে সাংবাদিকরা। দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আয়োজনে করা হয়েছে বিক্ষোভ ও মানববন্ধন কর্মসূচি।
এ কর্মসূচিতে অংশ নিয়েছে জেলার ৫ টি প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ। গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে দর্শনা প্রেস ক্লাবের সামনের মহাসড়কে প্রায় দেড় ঘণ্টা ব্যাপি মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালিত হয়।
এ সময় সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করণ, হত্যা বন্ধ ও ডিজিটাল নিরাপত্তা আইন অবিলম্বে বাতিলের দাবী তুলে বক্তব্য দেন দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, জীবননগর সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক জামাল হোসেন, জীবননগর প্রেস ক্লাবের দপ্তর সম্পাদক শামসুল আলম চঞ্চল, সাবেক সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, হিজলগাড়ি প্রেস ক্লাবের সভাপতি আরিফ হাসান, সাধারণ সম্পাদক সেলিম রেজা, শামীম মিজি, সরোজগঞ্জ প্রেস ক্লাবের সাংগঠনিক সম্পাদক লাবলুর রহমান, প্রচার সম্পাদক ইকরামুল হক, হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে আরো বক্তব্য দেন, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, মনিরুজ্জামান সুমন, ইয়াসির আরাফাত মিলন, সিনিয়র সাংবাদিক

এফএ আলমীগর ও আজাদ হোসেন।
দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বর্তমান পরিষদের সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলা, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, সাংবাদিক হাসমত আলী, আ. রহমান, জামান তারিক, জিল্লুর রহমান মধু, মুনজুরুল ইসলাম, মাসুম বিল্লাহ, আলমগীর, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, সুকমল চন্দ্র দাস বাধন, সুজন মাহমুদ, আবির হাসান রিফাত, ফরহাদ হোসেন, আফজাজুল হক, আলতাব হোসাইন, ইয়াছিন জুয়েল প্রমুখ।
আয়োজনের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক, হারুন রাজু। বিক্ষোভ সমাবেশে বক্তারা বলেন, ডিজিটাল নিরাপত্তা আইন সাংবাদিকদের স্বাধীনতার অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। এ আইন বলবৎ থাকলে দুর্নিতীবাজ ও অপরাধীরা সহজেই পার পেয়ে যাবে। সাংবাদিকরাই সকল অন্যায় ও দুর্নিতীর বিরুদ্ধে খুরধার লেখনীর মধ্য দিয়ে সমাজ তথা জাতীর সামনে তুলে ধরে। তাই এ কালো আইন অবিলম্বে বাতিল করতে হবে। সেই সাথে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে সরকারকে। অহেতুক মিথ্যা অভিযোগ তুলে যে সকল সাংবাদিককে কারাবন্দি রাখা হয়েছে অবিলম্বে তাদের মুক্তি দিতে হবে। অন্যথায় রাজপথ ছাড়বেনা সাংবাদিকরা।

আলমডাঙ্গায় স্ত্রীর মামলায় স্বামী আটক

স্ত্রীর দায়েরকৃত যৌতুক ও নারী নির্যাতন মামলায় স্বামী হাসানকে আটক করেছে পুলিশ। গতকাল শুক্রবার দুপুর ৩ টার দিকে ঘোলদাড়ি পাইকপাড়া গ্রাম থেকে তাকে আটক করে পুলিশ।
জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের ঘোলদাড়ি পাইকপাড়া গ্রামের আজিজুল হোসেনের ছেলে হাসান (২৬) এর সাথে সদর থানাধীন সরোজগঞ্জের ভুল্টিয়া নবীনগর গ্রামের জাহাঙ্গীর হোসেনের মেয়ে দীপ্তি খাতুনের সাথে গত ২ বছর পূর্বে পারিবারিক ভাবে বিবাহ হয়।
তাদের দাম্পত্য জীবনে একটি পুত্র সন্তান জন্ম নেয়। বৈবাহিক

সূত্রে, দীপ্তির পিতা তার জামাইকে ১ টি ডিসকভারি মোটরসাইকেল যৌতুক হিসেবে দেয়। মোটরসাইকেল দেওয়ার কয়েক মাস পরেই দীপ্তিকে তার বাবার বাড়ি থেকে টাকা আনতে বলে হাসান।
দীপ্তি তার পিতার বাড়ি থেকে টাকা আনতে নারাজ হওয়ায় তাকে মারপিট করে। মেয়ের সুখের আশায় দীপ্তির পিতা আবারো ৫০ হাজার টাকা দেয়। টাকা দেওয়ার ৬ মাস পার হতে না হতেই আবারো টাকার নেশা ওঠে হাসানের। শ্বশুরের ২ বিঘা জমি বিক্রয় করে ৫ লক্ষ টাকা আনতে বলে স্ত্রী দীপ্তিকে।
দীপ্তি আবারো তার বাবার নিকট থেকে জমি বিক্রয় করে টাকা আনতে পারবে না বলে জানায়। হাসান তার স্ত্রীর উপর ক্ষিপ্ত হয়ে রুটি বানানো বেলুন দিয়ে বেধড়ক মারপিট করে।
এ ঘটনায় দীপ্তি গুরুত্বর আহত হওয়ার সংবাদে তার পিতা জাহাঙ্গীর উপস্থিত হয়ে দীপ্তিকে উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় দীপ্তি বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করে।

ঝিনাইদহে ফেন্সিডিল ও গাঁজাসহ দুই নারী আটক

ঝিনাইদহে ২ নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। গত মঙ্গলবার রাতে শহরের বাসটার্মিনাল এলাকা থেকে তাদেরকে আটক করা হয়।
এ সময় তাদের কাছ থেকে ৭১ বোতল ফেন্সিডিল ও ২ কেজি গাঁজা উদ্ধার করা হয়। আটককৃত হাজেরা খাতুন চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া গ্রামের ওমেদুল মন্ডলের স্ত্রী ও একই উপজেলার সদরপাড়া গ্রামের আব্দুর রশীদের মেয়ে সুজিদা আক্তার বিউটি। ঝিনাইদহ সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে তিনি জানতে পারেন চুয়াডাঙ্গা ডিলাক্সের একটি পরিবহনে মাদক ব্যবসায়ীরা মাদকসহ ঢাকা যাচ্ছে। এমন সময় ইন্সপেক্টর অপারেশন আবুল খায়ের শেখ এর নেতৃত্বে এসআই শফিকুল ইসলাম, এস আই মোঃ মোকলেচুর রহমান, এস আই মোঃ ফজলুর রহমান, এস আই মোঃ নুর আলম, এ এস আই মোঃ আনোয়ারুল ইসলাম, এ এস আই দেবাশীষ চক্রবর্তী, কনস্টেবল মোঃ বদর উদ্দিন, মোঃ সজল শেখ, মোঃ ইমরান শেখ, মোঃ

আবু হুরাইরা, মোঃ আমান উল্লাহ, নারী কনস্টেবল শিরিনা খাতুন ও শম্পা দাস অভিযান চালিয়ে হাজেরা খাতুন ও সুজিদা আক্তার বিউটিকে আটক করে। ওসি আরও জানান, আটককৃত মাদক ব্যবসায়ী সুজিদা আক্তার বিউটির কাছ থেকে ২ কেজি গাঁজা ও হাজেরা খাতুনের কাছ থেকে ৭১ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।
তারা দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছিল। আটককৃত ২ নারী মাদক ব্যবসায়ীর নামে বিভিন্ন থানায় একাধিক মাদক মামলা রয়েছে।

ঝিনাইদহে মুক্তিযোদ্ধাসহ চার ব্যক্তি প্রতারণার শিকার

ঝিনাইদহে মুক্তিযোদ্ধাসহ ৪ ব্যক্তি এক আদম ব্যবসায়ীর প্রতারণার শিকার হয়েছে বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় গতকাল মঙ্গলবার দুপুরে ভুক্তভোগী মুক্তিযোদ্ধা মোঃ রবিউল আলমসহ প্রতারণার শিকার ওই ৪ জন ঝিনাইদহ প্রেস ক্লাবে এক সংবাদ সস্মেলনে এই অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ভুক্তভোগী ঝিনাইদহ সদর উপজেলার দরিগোবিন্দপুর গ্রামের মৃত মুন্সি আফজাল হোসেনের ছেলে বীর মুক্তিযোদ্ধা রবিউল আলম। এ সময় আরো ৩ ভুক্তভোগী সদর উপজেলার মান্দারবাড়িয়া গ্রামের মৃত ওহাব জোয়ার্দ্দারের ছেলে শামীম জোয়ার্দ্দার, কালীগঞ্জ উপজেলার পারশ্রীরামপুর গ্রামের মৃত ছনু মন্ডলের ছেলে আমজাদ হোসেন, একই উপজেলার একই গ্রামের মৃত মোশারফ হোসেন মন্ডলের ছেলে আমিরুল ইসলামসহ তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।
লিখিত বক্তব্যে অভিযোগ করা হয়, মালয়েশিয়া যাওয়ার জন্য তারা ৪ জন ঝিনাইদহ সদর উপজেলার ভগবাননগর পূর্বপাড়া গ্রামের খায়বার আলী বাটুল ও তার পরিবারের সদস্যদের কাছে গত ০৯/০৪/২০১৫ তারিখে ১২ লাখ ২০ হাজার টাকা তুলে দেন। টাকা দেওয়ার পর থেকে বিদেশে না পাঠিয়ে বিভিন্ন তালবাহানা শুরু করে। এই অবস্থায় প্রতারক বাটুল ভুক্তভোগীদের নামে ১০/০১/২০১৬ তাং একটি ভুয়া ভিসা বাটুযলের পুত্র খায়রুলের মাধ্যমে তাদের হাতে পৌঁছিয়ে দেয়। এরপর তারা ঢাকা জনশক্তির অফিসে যোগাযোগ করলে ভিসাগেুাল জাল বলে প্রমাণিত হয়। এরপর তারা গত ১২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে টাকা চাইতে প্রতারক

বাটুলের বাড়িতে গেলে খায়বার আলী বাটুলের সাথে তাদের তর্কবির্তকের সৃষ্টি হয়। একপর্যায়ে পরিবারের সদস্যরা জোটবন্ধ হয়ে তাদের মারপিট করে। এ ঘটনায় আদম ব্যবসায়ী বাটুল তার স্ত্রী ও ভাইসহ ৪ জনের বিরুদ্ধে তারা ঝিনাইদহ সদর থানায় অভিযোগ দায়ের করে । এরপর থেকে প্রতারক বাটুল অগ্যাত স্থান থেকে মামলা তুলে নেয়ার জন্য তাদের প্রাণ নাশের হুমকি অব্যাহত রেখেছেন। ভুক্তভোগীরা আরো অভিযোগ করেন যে শুধু তাদের কাছ থেকে নয়, প্রতারক আদম ব্যবসায়ী বাটুল তাদেরসহ অন্তত ২০ জনের নিকট খেকে প্রতারণার মাধ্যমে প্রায় ৫০ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে। এ ব্যাপারে আদম ব্যবসায়ী খায়বার আলী বাটুলের সাথে ০১৯১৩৭২৮৯৮০ নাম্বারে যোগাযোগ করলে টাকা নেওয়ার বিষয়টি অস্বীকার করে তিনি নিজেকে দেলোয়ার হোসেন রনি পরিচয় দেন এবং ময়মনসিংহের ভালুকায় আছি বলে ফোন কেটে দেন।

দর্শনায় ভ্রাম্যমাণ আদালতে ২ জনের জেল, ১ জনের নামে মামলা

দর্শনায় মাদকদ্রব্য অধিদপ্তরের মাদক বিরাধী অভিযান পরিচালিত হয়েছে।
এ অভিযানে গাঁজাসহ ৩ জনকে আটক করা হয়েছে। ২ জনকে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা ও ১ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। গতকাল বিকাল ৫ টার দিক দর্শনা দক্ষিণচাদপুর মাদকদ্রব্য নিয়ন্ত্র অধিদপ্তরের সদস্যরা অভিযান চালিয় গাঁজাসহ আটক করে রশিদ মিয়ার স্ত্রী আমেনা, আবুবক্করের ছেল তুহিন ও গাফফারেক। তুহিন ও আমেনাকে চুয়াডাঙ্গা নির্বাহী অফিসার সুরাইয়া মমতাজ ১ বছর ও ২ মাসর পথক কারাদণ্ডে দণ্ডিতসহ ৭ হাজার টাকা জরিমানা আদায় করেন। গাফফারের বিরুদ্ধে পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন বাদী হয় দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।

কুষ্টিয়ায় বিদেশি পিস্তল, ম্যাগজিন, গুলি ও ইয়াবাসহ আটক-১

কুষ্টিয়ার ভেড়ামারায় একটি বিদেশি পিস্তল, ম্যাগজিন, ৭ রাউন্ড গুলি ও ১১ পিচ ইয়াবা ট্যাবলেটসহ জাহিদুল ইসলাম (৪৭) নামের একজনকে আটক করেছে পুলিশ।
গত শনিবার রাতে ভেড়ামারা উপজেলার লালন শাহ সেতু সংলগ্ন এলাকা থেকে তাকে আটক করে হাইওয়ে পুলিশ।
আটককৃত জাহিদুল ইসলাম ভেড়ামারা পৌরসভার কাচারি পাড়ার মৃত গোলাম মোস্তফার ছেলে।
কুষ্টিয়া চৌড়হাস হাইওয়ে পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তা জুলহাস উদ্দিন জানান, রাতে লালন শাহ সেতু সংলগ্ন এলাকায় মোটরসাইকেল নিয়ে যাওয়ার সময় চেকপয়েন্টে থামতে নির্দেশ দিলেও না মেনে ছুটে চলে। পরে তাকে পিছু নিয়ে আটক করতে সক্ষম হই। এ সময় একটি বিদেশি পিস্তল, ম্যাগাজিন, ৭ রাউন্ড গুলি ও ১১ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।
আটককৃত জাহিদুল ইসলামের বিরুদ্ধে ভেড়ামারা থানায় অস্ত্র ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের হয়েছে।

দামুড়হুদার লোকনাথপুরে স্বামীর নির্যাতনে দুই সন্তানের জননীর মৃত্যু

দামুড়হুদার লোকনাথপুরে স্বামীর নির্যাতনে দুই সন্তানের জননীর মৃত্যু হয়েছে। এ ঘটনায় ঘাতক স্বামী জাহান আলী পালাতক থাকলেও আটক করা হয়েছেন শাশুড়িকে।
ঘটনাটি ঘটেছে গত শুক্রবার রাতে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার লোকনাথপুরে। নিহত গৃহবধূ নুরজাহান খাতুন (৪২)

দু’সন্তানের জননী।
নিহতের মা রহিমন বেগম জানান, তার মেয়েকে জামাই জাহান আলী ও তার শাশুড়ি নুরজাহান প্রায়ই নির্যাতন করতো।
নিহতের ভাই সুন্নত আলী জানান, এর আগে একবার আমার বোনকে তালাক দিয়েছিল। দুটি সন্তানের কথা ভেবে আবারও সংসার পাতিয়ে দেয় এলাকার গণ্যমান্য ব্যক্তিরা। তবে জাহান আলী ছিল খুবই পাষণ্ড। আমার বোনটাকে সে মারধর করতো।
হাউলী ইউপি’র মেম্বর রিকাত আলী বলেন, গত রাতে সদর হাসপাতালে নিয়ে গিয়েছিল গৃহবধূ নুরজাহানকে। এরপর সেখানে ভোর রাত ৪ টার দিকে মারা যায়। খবর পেয়ে সকালে দেখতে আসি।
নিহত গৃহবধূর শরীরের সমস্ত জায়গায় নির্যাতনের চিহ্ন রয়েছে। মাথায় ও চোখে নির্মমভাবে আঘাত করা হয়েছে। গতকাল শনিবার সকালে পুলিশ ঘটনাস্থলে এসে সুরতহাল রিপোর্ট তৈরি করেছে। লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।
এ ঘটনায় নিহতের ভাই সুন্নত আলী বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি হত্যা মামলা দায়ে করেছে। এ ঘটনায় সিনিয়র সার্কেল (দামুড়হুদা-জীবননগর) আবু রাসেল ঘটনাস্থল পরিদর্শন করেছেন। দামুড়হুদা মডেল থানার ওসি আব্দুল খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।